

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩২৩

আগরতলা, ২১ ডিসেম্বর, ২০২৩

**ধলাই জেলা সফরে নীতি আয়োগের প্রতিনিধিদলের সদস্যগণ**

নীতি আয়োগের প্রতিনিধিদল তিনিনের সফরের শেষদিনে আজ অ্যাসপিরেশনাল জেলা ধলাই জেলা পরিদর্শন করেন। জেলা সফরের প্রথম কর্মসূচিতে প্রতিনিধিদলটি জেলার অ্যাসপিরেশনাল ব্লক গঙ্গানগর ব্লক পরিদর্শনে যান। গঙ্গানগর ব্লকের হেলিপ্যাডে প্রতিনিধিদলটিকে স্বাগত জানান ধলাই জেলার জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল। উপস্থিত ছিলেন আমবাসা মহকুমার মহকুমা শাসক সঞ্জিত দেববর্মা ও গঙ্গানগর ব্লকের বিডিও লালফাক সাঙ্গ।

প্রতিনিধিদলটি গঙ্গানগর ব্লক পরিদর্শনে এসে প্রথমে কর্মনিপাড়া হেলথ অ্যান্ড ওয়েলনেস সেন্টার পরিদর্শন করেন। সেখানে তারা কমিউনিটি হেলথ অফিসার ও আশাকর্মীদের সাথে মতবিনিময় করেন। নীতি আয়োগের প্রতিনিধিদলের পরিদর্শন উপলক্ষে এদিন কর্মনিপাড়া হেলথ অ্যান্ড ওয়েলনেস সেন্টারে বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে এক বিকাশ শিবিরের আয়োজন করা হয়। শিবিরে বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী স্টল খোলা হয়। তাছাড়া স্বাস্থ্য দপ্তর থেকে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে নীতি আয়োগের প্রতিনিধিদলটি এলাকার সুবিধাভোগীদের হাতে বিভিন্ন সামগ্রী ছাড়াও শংসাপত্র তুলে দেন। এরপর নীতি আয়োগের প্রতিনিধিদলটি জেলার পূর্ণজয়পাড়া উচ্চবিদ্যালয় পরিদর্শন করেন। বিদ্যালয় পরিদর্শনের সময় প্রতিনিধিদলের সদস্যরা বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রছাত্রীদের সাথে মতবিনিময় করেন। প্রতিনিধিদলের বিদ্যালয় পরিদর্শন উপলক্ষে বিদ্যালয়ে বিজ্ঞান প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

নীতি আয়োগের প্রতিনিধিদলের সদস্যগণ এদিন জেলার দুরুমিপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সাধ ভক্ষণ ও অন্নপ্রাশন অনুষ্ঠানে অংশ নেন। প্রতিনিধিদলের সদস্যগণ অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিশুদের স্বাস্থ্য সুরক্ষা ও পুষ্টির বিষয়ে বিভিন্ন পরামর্শ দেন। নীতি আয়োগের প্রতিনিধিদলের পরিদর্শনের সময় ধলাই জেলার অতিরিক্ত জেলাশাসক, মুখ্যস্বাস্থ্য আধিকারিক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*